বিল্ডিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভিলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (২৫ অক্টোবর ২০২৬)

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: গোদাগাড়ী **জেলা: রাজশাহী**
তারিখ: ২৫-১০-২০২৬ **বুলেটিন নম্বর: ১৯২**
গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ২২.১০.২০২৬ থেকে ২৪.১০.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	২২-১০-২০২৬	২৩-১০-২০২৬	২৪-১০-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩১	৩১	৩০
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১৮	১৬	১৬
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৬৮	৬৩	৬৩
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১৬	১৬	১৯
বাতাসের দিক	উত্তর– পশ্চিম	উত্তর– পশ্চিম	উত্তর– পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ২৫.১০.২০২৬ থেকে ২৮.১০.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	২৫-১০-২০২৬	২৬-১০-২০২৬	২৭-১০-২০২৬	২৮-১০-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩১	৩২	৩৪	৩৪
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১৭	১৭	১৮	১৮
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৭০	৬০	৫০	৫২
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	২১	২১	১৭	১৭
বাতাসের দিক	উত্তর– পশ্চিম	উত্তর– পশ্চিম	উত্তর– পশ্চিম	উত্তর– পশ্চিম

Source: https://usf.bmd.gov.bd/

সময়কাল: ২৫ অক্টোবর – ২৮ অক্টোবর ২০২৬

আম:

- অগামী চারদিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নাই। নতুন রোপিত চারা/অল্পবয়সী গাছের গোড়ায় নিয়মিত হালকা রস/সেচ বজায় রাখুন, যাতে গাছ সঠিকভাবে প্রতিষ্ঠিত হতে পারে। বাগানের আগাছা পরিষ্কার করুন এবং শুকনো/মরা বা রোগাক্রান্ত ডাল ছেঁটে ফেলুন। নতুন কুশি/কচি পাতায় হপার ও মিলিবাগের উপস্থিতি নিয়মিত পর্যবেক্ষণ করুন।

মিষ্টিকুমড়া:

- অগামী চারদিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নাই। প্রয়োজন অনুযায়ী হালকা সেচ দিন। ফুল ফোটা ও ফল ধারণের পর্যায়ে পানির ঘাটতি হতে দেবেন না। তবে জমিতে পানি জমিয়ে রাখবেন না। সকাল বা বিকেলে গাছের গোড়ায় সেচ দিন। গাছের গোড়ার চারপাশে শুকনো খড় বা নিরাপদ জৈব মালচ ব্যবহার করুন। এতে মাটির আর্দ্রতা ধরে রাখা এবং সেচের পানির অপচয় কমানো সম্ভব। অপ্রয়োজনীয় কীটনাশক প্রয়োগ করবেন না। প্রকল্প থেকে সরবরাহকৃত ফেরোমেন ফাঁদ ব্যবহার করুন। ফল ধারণ শুরু হলে কচি ফলের নিচে শুকনো খড় দিন, যাতে ফল সরাসরি মাটির সংস্পর্শে না থাকে এবং পচনের ঝুঁকি কমে।

ভুট্টা:

- অগামী চারদিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নাই। জমিতে পর্যাপ্ত আর্দ্রতা থাকলে উপযুক্ত জাতের মানসম্মত বীজ সারিতে বপন করুন। মাটি খুব শুকনো হলে বপনের আগে প্রয়োজন অনুযায়ী সেচ দিন। বীজের অঙ্কুরোদ্গম ও চারা প্রতিষ্ঠার সময় মাটির আর্দ্রতা বজায় রাখুন। জমিতে আগাছা নিয়ন্ত্রণ করুন। সম্ভব হলে সারির মাঝখানে জৈব মালচ ব্যবহার করুন, যাতে মাটির পানি বাষ্পীভবনের মাধ্যমে দ্রুত হারিয়ে না যায়।